

# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

ঢাকা

স্মারক নং-ইআবি/ভর্তি/ফা/২০১৫/১৫২

তারিখঃ ০৬/০৯/২০১৫ইং

## ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ০৩ বৎসর মেয়াদী ফাযিল স্নাতক শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের স্বীকৃত ও অনুমতিপ্রাপ্ত ফাযিল ও কামিল মাদরাসার প্রধানগণসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ফাযিল (স্নাতক ৩ বছর মেয়াদী) ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের ভর্তি ও নাম রেজিস্ট্রেশনের জন্য নিম্নবর্ণিত তফশিল অনুযায়ী রেজিস্ট্রেশন ফি'সহ অন্যান্য ফি' জমা দিতে হবে।

### ভর্তি ও রেজিস্ট্রেশনের নিয়মাবলী

#### ১। ফাযিল স্নাতক শ্রেণিতে ভর্তি সংক্রান্ত তথ্যাবলীঃ

- ক) বিলম্ব ফি'ছাড়া ভর্তি ২৭/১২/২০১৫ইং তারিখ হতে ১০/০১/২০১৬ইং তারিখ পর্যন্ত।
- খ) বিলম্ব ফি'ছাড়া ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের আদায়কৃত ফি'-এর ব্যাংক টি.টির শেষ তারিখ ১১/০১/২০১৬ ইং।
- গ) বিলম্ব ফি'সহ ভর্তি ১২/০১/২০১৬ইং তারিখ হতে ২১/০১/২০১৬ ইং তারিখ পর্যন্ত।
- ঘ) বিলম্ব ফি'সহ ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের আদায়কৃত ফি'-এর ব্যাংক টি.টির শেষ তারিখ ২৪/০১/২০১৬ইং।

#### ২। স্থানীয়ভাবে ভর্তি কার্যাদি সম্পাদনের জন্য নিম্নরূপ গঠিত কমিটি ভর্তি কার্যাদি সম্পাদন করবে।

##### কমিটিঃ

(১) অধ্যক্ষ

- আহবায়ক

(২) একজন শিক্ষক প্রতিনিধি

- সদস্য

(গভর্নিংবডি/এডহক কমিটির সদস্য, তবে সরকারি মাদরাসার ক্ষেত্রে সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ কর্তৃক মনোনীত একজন শিক্ষক)

(৩) ফাযিল পর্যায়ে একজন শিক্ষক (প্রভাষক/সহকারী অধ্যাপক, অধ্যক্ষ কর্তৃক মনোনীত)

- সদস্য

#### ৩। ফাযিল স্নাতক শ্রেণিতে ভর্তির যোগ্যতাঃ

২০১৪ ও ২০১৫ সালে আলিম পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীগণ ফাযিল স্নাতক শ্রেণিতে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে (২০১৪ সালে পাশ করা ছাত্র/ছাত্রীদের শিক্ষা বিরতি ফিস দিতে হবে)। স্বীকৃতিবিহীন/অনুমতিবিহীন মাদরাসায় ছাত্র/ছাত্রী ভর্তি করা যাবে না। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক সকল ফাযিল ও কামিল মাদরাসা ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের উপর ন্যস্ত হওয়ার পূর্বে যে সকল মাদরাসা ইসলামি বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া কর্তৃক ফাযিল স্বীকৃতি/পাঠদানের অনুমতি পেয়েছে এবং মেয়াদ আছে (কপি সংযুক্ত করতে হবে) সে সকল মাদরাসায় নিয়মিত ছাত্র-ছাত্রী হিসেবে ২০১৫-১৬ শিক্ষাবর্ষে ভর্তির জন্য রেজিস্ট্রেশন করতে পারবে।

#### ৪। আলিম পরীক্ষা পাশের নম্বরপত্র ও মাদরাসা প্রধান কর্তৃক ইস্যুকৃত প্রশংসাপত্রের মূল কপি সংরক্ষণ না করে কোনক্রমেই ছাত্র/ছাত্রী ভর্তি করা যাবে না।

#### ৫। Tot List এর সাথে T.T-এর রশিদসহ আনুসঙ্গিক কাগজপত্র জমা দেয়ার তারিখঃ

২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ফাযিল স্নাতক শ্রেণিতে ১ম বর্ষে ছাত্র-ছাত্রী ভর্তির পর সংশ্লিষ্ট মাদরাসার প্রধান/ প্রতিনিধিকে নিম্নবর্ণিত ছকে উল্লেখিত তারিখ ও বিভাগ অনুযায়ী অফিস চলাকালীন সময়ে টি.টি রশিদের কপি ও Tot List সহ আনুসঙ্গিক কাগজপত্র ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা অফিসে জমা দিতে হবে।

বিভাগ	টি.টি. ও Tot list সহ আনুসঙ্গিক কাগজপত্র জমা দেয়ার তারিখ	টি.টি. সহ Tot list আনুসঙ্গিক কাগজপত্র জমা দেয়ার স্থান
ঢাকা বিভাগ	১৫/০২/২০১৬ইং তারিখ থেকে ১৭/০২/২০১৬ইং পর্যন্ত	ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অস্থায়ী কার্যালয় বাড়ি নং-৪৪, রোড নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
চট্টগ্রাম বিভাগ	১৮/০২/২০১৬ইং তারিখ থেকে ২২/০২/২০১৬ইং পর্যন্ত	
সিলেট বিভাগ	২৩/০২/২০১৬ইং তারিখ থেকে ২৫/০২/২০১৬ইং পর্যন্ত	
বরিশাল বিভাগ		
রাজশাহী বিভাগ	২৮/০২/২০১৬ইং তারিখ থেকে ২৯/০২/২০১৬ইং পর্যন্ত	
খুলনা বিভাগ		
রংপুর বিভাগ		

#### ৬। ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ফাযিল স্নাতক শ্রেণিতে ১ম বর্ষে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের রেজিস্ট্রেশনের নিমিত্তে তথ্যাবলী ওয়েবসাইট (অন-লাইন)-এর মাধ্যমে নির্ধারিত ছকে মাদরাসা কম্পিউটার সেন্টারে প্রেরণ করার বিষয়টি বিজ্ঞপ্তির মাধ্যমে পরবর্তীতে জানানো হবে।

#### ৭। (ক) নির্ধারিত আবেদন ফরমে স্বাক্ষর নিয়ে ছাত্র-ছাত্রী ভর্তি করতে হবে। ছাত্র-ছাত্রী অথবা অভিভাবকের সম্মতি ব্যতীত কোন ছাত্র-ছাত্রী ভর্তি করা যাবে না। ভর্তি ফরমে প্রত্যেক ছাত্র-ছাত্রীর নিকট থেকে এ মর্মে একটি অঙ্গীকারনামা দিতে হবে যে, “আমি ভালভাবে বুঝে শুনেই এ মাদরাসায় ভর্তি হতে ইচ্ছুক। ভর্তি হওয়ার পর কোন অবস্থাতেই এ মাদরাসা পরিবর্তন করে অন্য কোন প্রতিষ্ঠানে ভর্তির জন্য আবেদন করবো না”।

(খ) রেজিস্ট্রেশন ও আনুসঙ্গিক ফি'-এর ব্যাংক টি.টি রশিদের সাথে ০১(এক) কপি Tot list জমা দিতে হবে।

(গ) ফাযিল স্নাতক শ্রেণির ছাত্র-ছাত্রীদের রেজিস্ট্রেশন ফিস-এর হার (ছাত্র/ছাত্রী প্রতি)ঃ

বিলম্ব ফি'ছাড়া

শ্রেণি	রেজিঃ ফি	ভর্তি ফি	ক্রীড়া ফি	রোভার স্কাউটস/ বি.এন.সি.সি'ফি	শিক্ষা বিরতি ফি
ফায়িল স্নাতক	৩০০/-	২৫০/-	৫০/-	২৫/-	১৫০/-


বিলম্ব ফি'সহ

শ্রেণি	বিলম্ব রেজিঃ ফি	বিলম্ব ভর্তি ফি	ক্রীড়া ফি	রোভার স্কাউটস/ বি.এন.সি.সি'ফি	শিক্ষা বিরতি ফি
ফায়িল স্নাতক	৪০০/-	৪০০/-	৫০/-	২৫/-	১৫০/-

- (ঘ) ভর্তি ফি, বিলম্ব ভর্তি ফি, ক্রীড়া ফি ও শিক্ষা বিরতি ফি বাবদ আদায়কৃত অর্থের ৫০% অর্থসহ অন্যান্য ফি
- (ক) বিলম্ব ফি ও শিক্ষা বিরতি ফি ছাড়া প্রতি ছাত্র/ছাত্রী ৪৭৫/= টাকা,
- (খ) বিলম্ব ফি'ছাড়া ও শিক্ষা বিরতি ফি'সহ প্রতি ছাত্র/ছাত্রী ৫৫০/= টাকা,
- (গ) বিলম্ব ফি'সহ ও শিক্ষা বিরতি ফি'ছাড়া প্রতি ছাত্র/ছাত্রী ৬৫০/= টাকা হারে এবং
- (ঘ) বিলম্ব ফি' ও শিক্ষা বিরতি ফি'সহ প্রতি ছাত্র/ছাত্রী ৭২৫/= টাকা হারে-এর ব্যাংক টি.টি অগ্রণী ব্যাংকের যে কোন শাখা থেকে (রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা-এর হিসাব নম্বর : (STD) 0200004383365 অগ্রণী ব্যাংক, সাতমসজিদ রোড শাখা এর অনুকূলে (অগ্রণী ব্যাংকের টি.টি. ছাড়া অন্য কোন ব্যাংকের ড্রাফট/টি.টি গ্রহণ করা হবে না) জমা দিতে হবে। টি.টি রশিদের অপর পৃষ্ঠায় মাদরাসা প্রধানের সীল ও স্বাক্ষরসহ ToT list-এর সাথে সংযুক্ত থাকতে হবে।
- (ঙ) যে সকল ছাত্র-ছাত্রীর শিক্ষা বিরতি আছে ও যারা বিলম্বে ভর্তি হয়েছে তাদের নাম ToT list-এর মধ্যে লাল কালিতে চিহ্নিত করতে হবে।
- (চ) নতুন অনুমতি প্রাপ্ত মাদরাসার ক্ষেত্রে অনুমতি পত্রের সত্যায়িত ফটোকপি তালিকার সঙ্গে সংযুক্ত করতে হবে।
- (ছ) ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ফায়িল স্নাতক শ্রেণিতে ১ম বর্ষে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের প্রত্যেকের সদ্য উঠানো পাসপোর্ট সাইজের ২(দুই) কপি (টুপি/ওড়না পরিহিত রঙিন) ছবি অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত করে মাদরাসায় সংরক্ষণ করতে হবে।
- ৮। ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ফায়িল স্নাতক শ্রেণিতে ১ম বর্ষে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ক্লাশ ০১/০২/২০১৬ তারিখ থেকে শুরু হবে।
- ৯। ছাত্র-ছাত্রীদের সকল তথ্য দাখিল পরীক্ষার অনুরূপ হতে হবে।

ফায়িল স্নাতক শ্রেণিতে ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের একাডেমিক ও পরীক্ষা সংক্রান্ত কার্যক্রম আইন (ফায়িল ও কামিল মাদরাসা অধিভুক্তি, একাডেমিক ও পরীক্ষা সংক্রান্ত) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও পরীক্ষা সংক্রান্ত অর্ডিন্যান্স অনুযায়ী এবং বিশ্ববিদ্যালয়ে প্রণীত কারিকুলাম অনুযায়ী পরিচালিত হবে।

বিঃ দ্রঃ এ বিজ্ঞপ্তিটি ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট [www.iau.edu.bd](http://www.iau.edu.bd) এ পাওয়া যাবে।

  
৩/৩/১৫

(মো. মনিরুল ইসলাম)

রেজিস্ট্রার

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

ফোন ৯-৫৫০০০২৭৮